

## বসন্তের আগে এস ফিরে

কমল কুজুর

আমার একটা আশ্রয় প্রয়োজন

আমাদের একটা আশ্রয় প্রয়োজন।

সন্ধ্যা নেমে এলেই পাখিরা যেমন ফিরে যায় নীড়ে, ঠিক তেমন।

অনাহতের মতোই ছুটে ছুটে আসা সমুদ্র সফেন

ডুবিয়ে দেয় আমাদের ঘর বাড়ি অন্তর

গ্লাসের শেষ জলবিন্দুটুকুও নেয় কেড়ে ।

চারপাশের যত অনিয়ন্ত্রিত ধারণার বসবাস

সব যেন গলা টিপে ধরে

মৃত্যু শয্যায় কবিতারা নেয় শ্বাস ।

নক্ষত্রমন্ডলের আলো আসুক নেমে

বসন্তে পাতাগুলো ঝরে পড়ার আগেই

বেঁচে উঠুক কবিতার স্রোত ।

আমাদের একজন নজরুল দরকার

এই ক্ষয়ে যাওয়া পৃথিবীটার

একজন বিদ্রোহী নজরুল দরকার।

## বসন্তের আগে এস ফিরে

কমল কুজুর

আমার একটা আশ্রয় প্রয়োজন  
আমাদের একটা আশ্রয় প্রয়োজন।  
সন্ধ্যা নেমে এলেই পাখিরা যেমন ফিরে যায় নীড়ে, তিক তেমন।

অনাহতের মতোই ছুটে ছুটে আসা সমুদ্র সফেন  
ডুবিয়ে দেয় আমাদের ঘর বাড়ি অন্তর  
গ্লাসের শেষ জলবিন্দুটুকুও নেয় কেড়ে।

চারপাশের যত অনিয়ন্ত্রিত ধারণার বসবাস  
সব যেন গলা টিপে ধরে  
মৃত্যু শয্যায় কবিতারা নেয় শ্বাস।

নক্ষত্রমন্ডলের আলো আসুক নেমে  
বসন্তে পাতাগুলো ঝরে পড়ার আগেই  
বেঁচে উঠুক কবিতার স্রোত।

আমাদের একজন নজরুল দরকার  
এই ক্ষয়ে যাওয়া পৃথিবীটার  
একজন বিদ্রোহী নজরুল দরকার।

১২ ভাদ্র ১৪২৭

